

উপজেলা আইন শৃংখলা স্থায়ী কমিটির জুলাই/২০২১ ইং মাসের সভার কার্যবিবরণী।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে।

সভার তারিখ : ০৭/০৭/২০২১ইং

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযোজিত (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন হয়। এরপর সদস্য সচিব আজকের সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	চেয়ারম্যান, খাগকান্দা ইউপি সভায় জানান যে, ড্রেজারের মাধ্যমে জলাশয় ও কৃষি জমি ভরাট করা হচ্ছে। রাস্তার উপর নিচ দিয়ে পাইপ নিয়ে বালু ভরাট করছেন। কদমতলী এলাকায় ডাকাতির সম্ভাবনা দেখা দিচ্ছে। পাচানি এলাকায় জাঙ্গালিয়া ব্রীজের পাশে অবৈধ কার্যকলাপ হচ্ছে মর্মে শুনা যাচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানাকে অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে অফিসার ইনচার্জ আড়াইহাজার থানাকে এ বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করেন।	অফিসার ইনচার্জ আড়াইহাজার থানা।
২.	চেয়ারম্যান, হাইজাদী ইউপি বলেন, হাইজাদী ইউনিয়নে এক সপ্তাহের মধ্যে ০৪টি ডাকাতির ঘটনা ঘটেছে। হাইজাদী ইউনিয়নে টহল পুলিশ জোরদার করনের নিমিত্তে অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানাকে অনুরোধ জানান।	সভায় বিস্তারিত আলোচনান্তে অফিসার ইনচার্জ আড়াইহাজার থানাকে এর বিষয়ে জোরদার করণে সিদ্ধান্ত গৃহিত হয়।	অফিসার ইনচার্জ আড়াইহাজার থানা।
৩.	চেয়ারম্যান, উচিৎপুরা সভায় জানান যে, উচিৎপুরা ইউনিয়নে একটি দেশী বোমা নিষ্ক্রিয় করা হয়েছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে অফিসার ইনচার্জ আড়াইহাজার থানাকে এ বিষয়ে সতর্ক থাকার জন্য অনুরোধ করেন।	অফিসার ইনচার্জ আড়াইহাজার থানা।



(রফিকুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

আড়াইহাজার

ও

সভাপতি

আইন শৃংখলা স্থায়ী কমিটি

আড়াইহাজার, নারায়ণগঞ্জ।